

# ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিমিটেড চাঁদপুর শাখা, চাঁদপুর।

(অর্থঋণ আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি

এতদ্বারা সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে ইউসিবিএল চাঁদপুর শাখা, ৩৭/৩৭, কুমিল্লা রোড, পাল বাজার, চাঁদপুর সদর, চাঁদপুর এর ঋণগ্রহীতা মেসার্স আমিন ড্রেডার্স, স্বত্বাধীকারী- জনাব মোঃ আবু ইউসুফ মিঠু, পিতা- মোঃ হাজী চান মিয়া, মাতাঃ রহিমা বেগম, ঠিকানা- ফাতেহা মঞ্জিল, ওয়ারলেস বাজার, বাবুরহাট, চাঁদপুর কর্তৃক গৃহীত নিজ ও প্রতিষ্ঠানের নামে ২(দুই) টি ঋণের জামানত হিসাবে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংকের নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমমোক্তার দলিলমূলে আদালতের আদেশ ছাড়াই উহা বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা হয়েছে। ঋণগ্রহীতা মঞ্জুরীপত্রের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করায় বিগত ০৯.০৫.২০১৬ইং তারিখ পর্যন্ত খেলাপী ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ১,৩৭,৯০,৬১৭.৮৫ টাকা (এক কোটি সাইত্রিশ লক্ষ নব্বই হাজার ছয়শত সতের টাকা পচাশি পয়শা মাত্র) সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালতক সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তিসমূহ ও তদুপরিস্থিত স্থাপনাদি নিলামে বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্ন বর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে। আগামী ১৫/০৬/২০১৬ ইং তারিখ বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউসিবিএল চাঁদপুর শাখা, চাঁদপুর এ রক্ষিত বাঞ্চে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ৩ দিনই বিকাল ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হবে প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে ওর্ডারের মাধ্যমে ইউসিবিএল চাঁদপুর শাখা, চাঁদপুর এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে। তফসিলভুক্ত সম্পত্তির আংশিক এর জন্য দরপত্র গ্রহণযোগ্য হইবে না।

## বন্ধকী সম্পত্তি সমূহের তফসিল

জেলা- চাঁদপুর, থানা ও সাব-রেজিস্ট্রি অফিস- চাঁদপুর সদর, জে. এল. ২৬নং, তরপুরচন্দী মৌজাস্থিত সি.এস.- খতিয়ান নং-১৮৭, ১৮৭(ক), ১৮৭(খ), এস.এ. খতিয়ান নং-১৬১, ২৩৭, ২৩৮, খারিজ খতিয়ান নং-১৬০৫, ৮৬৭; সি.এস ও এস.এ. দাগ নং- ১৭৬২, ১৭৬৩, জমির পরিমাণ-৭ (সাত) শতাংশ এবং তদুপরিস্থিত ৪ (চার) তলা ভবন যাহার চৌহদ্দী- উত্তরে- মোঃ জামাল মোল্লা, দক্ষিণে- হারুনুর রশিদ, পূর্বে হোসেন বকাউল গং এবং পশ্চিমে- খোকন মিয়া গং।

## নিলাম শর্তাবলী

- (১) আগামী ১৫/০৬/২০১৬ ইং বিকাল ৩.৩০ ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ চাঁদপুর শাখায় রক্ষিত বাঞ্ছা সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিনই ৪.০০ ঘটিকার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্রদাতাকে উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ, ব্যাংক ড্রাফট বা পে-অর্ডার এর মাধ্যমে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর শাখার অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিতে হইবে।
- (৩) উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০ (নব্বই) দিবসের মধ্যে প্রথম সর্বোচ্চ দরদাতাকে সমুদয় মূল্য পরিশোধ করিতে হইবে এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরপত্রদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপরিপূর্ণ বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন-রেজিস্ট্রেশন ফি, ষ্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রয়োজ্য শুল্ক প্রভৃতি এবং উহার উপর কোন সরকারী, আধা-সরকারী। স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের যথা-পৌরসভা/ ইউনিয়ন পরিষদ, ওয়াসা, পি.ডি.বি./পল্লী বিদ্যুৎ, গ্যাস সরবরাহকারী প্রতিষ্ঠান, ভূমিকর ইত্যাদি সহ যে কোন পাওনাদারের পাওনা বা দাবী থাকিলে তাহা দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্র জমা দেওয়ার পর বিক্রয় প্রস্তাবিত সম্পত্তির আকার, প্রকার, অবস্থান, দখল, স্বত্ব/স্বত্বের দলিল ইত্যাদী সম্পর্কে কোন প্রকার আপত্তি গ্রনযোগ্য হইবে না।
- (৭) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণকে বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৮) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, চাঁদপুর  
শাখা, চাঁদপুর।